# <u>Model Questions</u>

## HISTORY PROGRAM

GENERAL ELECTIVE

VISUAL AND PERFORMATIVE CULTURE IN MODERN BENGAL

**1 mark questions:**

১. দৃশ্য সংস্কৃতিতে দুটি ক্ষেত্রের উদাহরণ দাও।

২. প্রদর্শন সংস্কৃতি দুটি ক্ষেত্রের উদাহরণ দাও।

৩. কোন সময় কলকাতা নগরীর পত্তন ঘটে?

৪. উনবিংশ শতকে বাংলায় কিছু জনপ্রিয় সংস্কৃতির উদাহরণ দাও।

৫. ভিক্টোরিয়া মেমোরিয়াল কবে কার দ্বারা স্থাপিত হয়?

৬. ভাইসরয় এর হাউস কবে কার দ্বারা স্থাপিত হয়?

৭. মোহনবাগান ক্লাব কত খ্রিস্টাব্দে স্থাপিত হয়?

৮. কত সালে আইএফএ শিল্ড প্রবর্তিত হয়?

৯. মোহনবাগান ক্লাব কত খ্রিস্টাব্দে আইএফএ শিল্ড জয় করে?

১০. আইএফএ শিল্ড এর পুরো নাম কি?

১১. ভারতীয় ক্রিকেট নিয়ে গবেষণা করেছেন এমন একজনের নাম লেখ।

১২. বেঙ্গল স্কুল অফ আর্ট এর প্রতিষ্ঠাতা কে?

১৩. অবনীন্দ্রনাথ ঠাকুরের দুটি বিখ্যাত চিত্রের নাম লেখ।

১৪. বাংলায় কে প্রথম টপ্পা গান প্রচার করেন?

১৫. প্রথম কবে ও কোথায় বন্দেমাতরম গানটি গাওয়া হয়েছিল?

১৬. ব্রহ্ম সংগীত এর সৃষ্টিকর্তা কে?

১৭. গণনাট্য সংঘের দুজন গায়কের নাম লেখ।

১৮. সঙ এর পৃষ্ঠপোষণা করেছিলেন এমন একজন বাঙ্গালী ভদ্রলোকের নাম উল্লেখ করো।

১৯. নটী বিনোদিনী কে ছিলেন?

২০. ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠা কে করেছিলেন?

২১. প্রথম বাংলা চলচ্চিত্রের নাম লেখ।

২২. সুশীলা সুন্দরী বিখ্যাত ছিলেন কেন?

২৩. নাট্যাভিনয় নিয়ন্ত্রণ আইন কত সালে পাশ হয়েছিল?

২৪. কোন গভর্নর জেনারেলের আমলে নাট্যাভিনয় নিয়ন্ত্রণ আইন পাশ হয়?

২৫. বাংলা ফিল্ম ইন্ডাস্ট্রির প্রতিষ্ঠাতা কে?

২৬. প্রথম বাংলা পূর্ণদৈর্ঘ্যের ছবি কখন প্রদর্শিত হয়?

২৭. প্রথম কোন বাংলা ছবি আন্তর্জাতিক খ্যাতি পেয়েছিল?

২৮. এই ছবির পরিচালক কে ছিলেন?

২৯. বাংলা ন্যাশনাল থিয়েটারে প্রথম কোন নাটক মঞ্চস্থ হয়?

৩০. নীলদর্পণ নাটকটি কে রচনা করেন?

৩১. এই নাটকের বিষয়বস্তু কি ছিল?

৩২. শিশির কুমার ভাদুরী দুটি বিখ্যাত নাটকের নাম লেখ।

৩৩. গণনাট্য সংঘ কত সালে স্থাপিত হয়? কোথায়?

৩৪. বাংলা সার্কাসের সৃষ্টিকর্তা কে?

৩৫. ছৌ নৃত্য কি?

৩৬. বাংলার একটি ঐতিহ্যবাহী নৃত্যের শৈলী কি ছিল?

**2 marks questions:**

১. দৃশ্য সংস্কৃতি কি ছিল?

২. প্রদর্শন সংস্কৃতি বলতে কী বোঝো?

৩. উনবিংশ শতকে কলকাতার নাগরিক সংস্কৃতির মূল বৈশিষ্ট্য কি ছিল?

৪. বাবু সংস্কৃতি বলতে কী বোঝো?

৫. জনপ্রিয় সংস্কৃতি বলতে কী বোঝো?

৬. লোকসংস্কৃতি বলতে কী বোঝো?

৭. বেঙ্গল স্কুল অফ আর্ট এর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৮. কোন কোন বিদেশি চিত্রশিল্পের ধারার প্রভাব বেঙ্গল স্কুল অফ আর্ট এ দেখা যায়?

৯. নন্দলাল বসু কে ছিলেন?

১০. ভারতীয় শিল্পের অগ্রগতিতে তার অবদান কি ছিল?

১১. ১৯৪৩ এর দুর্ভিক্ষ নিয়ে ছবি এঁকেছিলেন এমন দুজন বিখ্যাত চিত্রশিল্পীর নাম লেখ।

১২. স্বদেশী সংগীত বলতে কী বোঝো?

১৩. কখন এবং কোথায় গণসঙ্গীত এর উদ্ভব হয়?

১৪. বাংলা নাটকের গান বলতে কী বোঝো?

১৫. বাংলা নাটকের প্রবর্তক কে ছিলেন?

১৬. প্রথম বাংলা নাটক কি ছিল কবে অভিনীত হয়?

১৭. বিধবা বিবাহ নাটকটির প্রাসঙ্গিকতা কি?

১৮. ১৯৪৩এর দুর্ভিক্ষ নিয়ে রচিত বাংলা নাটক টি কি ছিল?

১৯. কত খ্রিস্টাব্দে এটি মঞ্চস্থ হয় এবং এর পরিচালক কে ছিলেন?

২০. উনবিংশ শতকে দুটি জাতীয়তাবাদী ব্রিটিশবিরোধী নাটকের নাম লেখ।

২১. কোন নাটক কে কেন্দ্র করে নাট্য নিয়ন্ত্রণ আইন জারি করা হয়? পরিচালক কে ছিলেন?

২২. বিংশ শতকের দুজন বিখ্যাত নাট্যকার এর নাম লেখ। তাদের রচিত দুটি নাটকের নাম লেখ।

২৩. অবনীন্দ্রনাথ ঠাকুরের দুটি বিখ্যাত চিত্রের নাম লেখ।

২৪. রামনিধি গুপ্ত বিখ্যাত কেন ছিলেন?

২৫. প্রথম কবে ও কোথায় বন্দেমাতরম গানটি গাওয়া হয়েছিল?

২৬. ব্রহ্ম সংগীত এর সৃষ্টিকর্তা কে?

২৭. গণনাট্য সংঘের দুজন গায়কের নাম লেখ।

২৮. স্টার থিয়েটার কবে স্থাপিত হয় ও কার নাম অনুসারে?

২৯. প্রমথেশ বড়ুয়া কে ছিলেন?

৩০. ইন্ডিয়ান সিনেমাটোগ্রাফি কমিটি কত সালে কেন স্থাপিত হয়?

৩১. দুটি ধর্মীয় চলচ্চিত্রের নাম লেখ উনবিংশ শতকের

৩২. আই পি টি এর পূর্ণাঙ্গ রূপ কি ছিল?

৩৩. ভানুসিংহ নামে কে পরিচিত ছিলেন? কোন বছর ভানুসিংহের পদাবলী প্রকাশিত হয়?

**5 marks questions:**

১. দৃশ্য সংস্কৃতির মূল বৈশিষ্ট্য গুলি কি কি ?

২. প্রদর্শন সংস্কৃতির মূল বৈশিষ্ট্য গুলি কি কি ?

৩. দৃশ্য সংস্কৃতি ও প্রদর্শন সংস্কৃতির মধ্যে মূল পার্থক্য কি ?

৪. উনবিংশ শতকের বাংলায় নাগরিক সংস্কৃতির উত্থানে সমাজের কোন শ্রেণী গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল ও কেন?

৫. নাটক এবং চলচ্চিত্র উদ্ভবের আগে পুরনো কলকাতায় নিম্নবর্গীয় সংস্কৃতি কেমন ছিল সংক্ষেপে আলোচনা করো।

৬. উনবিংশ শতকের বাংলা সংগীতের মূলধারা গুলি কি ছিল?

৭. কখন এবং কেন গণসংগীত এর উদ্ভব ঘটে?

৮. আধুনিক ভারতীয় চিত্রশিল্পের নির্মাণে বেঙ্গল স্কুল অফ পেইন্টিং এর ভূমিকা ব্যাখ্যা করো.

৯. জনজীবনে যাত্রার গুরুত্ব কি?

১০. হিন্দু মেলা সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখ।

১১. কিভাবে ক্রিকেট অহিংস পদ্ধতিতে ব্রিটিশ শাসক গোষ্ঠীর সঙ্গে প্রতিযোগিতায় নামার উপায় হয়ে উঠেছিল?

১২. কোন সময়কে নির্বাক চলচ্চিত্রের যুগ বলা হয় ও কেন?

১৩. কোন সময়কে বাংলা সিনেমার স্বর্ণযুগ বলা হয় ও কেন?

১৪. উনবিংশ শতকের বাংলা থিয়েটার কিভাবে জাতীয়তাবাদী আন্দোলনে অংশগ্রহণ করেছিল?

১৫. উনবিংশ শতকের জনপ্রিয় সংস্কৃতি উত্থানের প্রেক্ষাপট আলোচনা করো।

**10 marks Questions**:

১. ঊনবিংশ, বিংশ শতকে সংস্কৃতির উত্থানে নগর কলকাতার সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট কতদূর দায়ী ছিল? কোন ধরনের শিল্প এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল?

২. বাংলা সবাক যুগের চলচ্চিত্রের সম্পর্কে বিবরণ দাও। জাতীয়তাবাদী ভাবধারার এক্ষেত্রে কোনো প্রভাব ছিল কি?

৩. বাংলার স্বর্ণ যুগের একজন বিখ্যাত পরিচালকের নাম লেখ। তাঁর পরিচালিত সিনেমা গুলির বৈশিষ্ট্য কি ছিল?

৪. ঔপনিবেশিক কলকাতায় নাগরিক থিয়েটার গড়ে ওঠার প্রেক্ষাপট আলোচনা করো।

৫. উনবিংশ শতকে এক প্রকারের শারীরিক সংস্কৃতি হিসাবে সার্কাসের বিকাশে বাঙালির উদ্যোগ আলোচনা করো।

৬. 'প্রগতিবাদী সাংস্কৃতিক আন্দোলন 'বাংলা থিয়েটার কে কিভাবে প্রভাবিত করেছিল?

৭. আধুনিক বাংলা চিত্রকলার উদ্ভবে ঠাকুর বাড়ির ভূমিকা উল্লেখ করো। জাতীয়তাবাদী আন্দোলনে এই চিত্রগুলি গুরুত্বপূর্ণ ছিল কি?

৮. ঊনবিংশ শতকের জাতীয় আন্দোলন কে বাংলা সং এরা কিভাবে অনুপ্রাণিত করেছিল?

৯. জাতীয়তাবাদ পুনরুজ্জীবনে কালীঘাট পটচিত্র গুরুত্ব উল্লেখ করো।

১০. ১৯১১ সাল বাঙালির খেলার ইতিহাসে গুরুত্বপূর্ণ কেন,ব্যাখ্যা কর।

১১. চিত্র শিল্পের ইতিহাসে রবি বর্মার গুরুত্ব উল্লেখ করো।

১২. জনপ্রিয় সংস্কৃতি ও নাগরিক সংস্কৃতির মধ্যে পার্থক্য নিরুপণ করে উনবিংশ শতকে এই দুই বিপরীত ধর্মী সংস্কৃতি কিভাবে নগর কলকাতায় বিকশিত হয়েছিল তা আলোচনা করো।